দ্বিতীয় অধ্যায়

দেশজ উৎপাদ, সঞ্চয় ও বিনিয়োগ

[বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সাময়িক হিসাব অনুযায়ী চলতি ২০১৫-১৬ অর্থবছরের জিডিপি প্রবৃদ্ধি দাঁড়িয়েছে ৭.০৫ শতাংশে, যা ২০১৪-১৫ অর্থবছরের জিডিপি'র প্রবৃদ্ধির হার অপেক্ষা ০.৫ পার্সেন্টেজ পয়েন্ট বেশি। এ প্রবৃদ্ধি অর্জনে শিল্প খাত এবং সেবা খাত জোরালো ভূমিকা রাখলেও কৃষি খাতের প্রবৃদ্ধিও সন্তোষজনক। ২০১৫-১৬ অর্থবছরে সার্বিক কৃষি খাতের প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে ২.৬০ শতাংশ। গত অর্থবছরে এ খাতের প্রবৃদ্ধি ছিল ৩.৩৩ শতাংশ। সার্বিক শিল্প খাতের প্রবৃদ্ধি গত অর্থবছরের ৯.৬৭ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে চলতি অর্থবছরে ১০.১০ শতাংশে দাঁড়িয়েছে, যারমধ্যে ম্যানুফ্যাকচারিং শিল্পে প্রবৃদ্ধির হার প্রায় একই (১০.৩ শতাংশ) রয়েছে। সার্বিক শিল্প খাতের মধ্যে অন্যান্য খাতসমূহের প্রবৃদ্ধি উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। বৃহৎ সেবাখাতের প্রবৃদ্ধির হার গত অর্থবছরের ৫.৮০ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৬.৭০ শতাংশে উন্নীত হবে বলে প্রাক্কলন করা হয়েছে। চলতি ২০১৫-১৬ অর্থবছরে কৃষি, শিল্প ও সেবা খাতের অবদান দাঁড়িয়েছে যথাক্রমে ১৫.৩৩ শতাংশ, ৩১.২৮ শতাংশ ও ৫৩.৩৯ শতাংশ। গত অর্থবছরে এ হার ছিল যথাক্রমে ১৬.০০ শতাংশ, ৩০.৪২ শতাংশ ও ৫৩.৫৮ শতাংশ। সাময়িক হিসাব অনুযায়ী ২০১৫-১৬ অর্থবছরে ভোগব্যয়ের পরিমাণ জিডিপি'র ৭৬.১১ শতাংশে দাঁড়িয়েছে। চলতি অর্থবছরে স্থুল অভ্যন্তরীণ সঞ্চয় বৃদ্ধি পেয়ে জিডিপি'র ২৩.৮৯ শতাংশ দাঁড়িয়েছে, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ২২.১৬ শতাংশ। স্থুল জাতীয় সঞ্চয় জিডিপি'র ২৯.০২ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৩০.০৮ শতাংশে উন্নীত হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরের বিনিয়োগ জিডিপি'র ২৮.৮৯ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ২৯.৩৮ শতাংশে দাঁড়িয়েছে।]

অর্থনৈতিক প্রবৃদ্ধি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস) -এর হিসাব অনুযায়ী বিগত ২০১২-১৩ ও ২০১৩-১৪ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধি দাঁড়ায় যথাক্রমে ৬.০১ শতাংশ ও ৬.০৬ শতাংশ। আন্তর্জাতিক অর্থনৈতিক পরিস্থিতি এবং দেশের অভ্যন্তরে অর্থনীতির প্রতিকূলতা সত্ত্বেও বাংলাদেশ গত এক দশকে গড় জিডিপি প্রবৃদ্ধির হার ৬ শতাংশের ওপর অর্জন করতে সক্ষম হয়েছে। এরই ধারাবাহিকতায় ২০১৪-১৫ অর্থবছরে প্রবৃদ্ধি অর্জিত হয়েছে ৬.৫৫ শতাংশ। বিবিএস এর সাময়িক হিসাব অনুযায়ী ২০১৫-১৬ অর্থবছরে জিডিপি প্রবৃদ্ধির হার দাঁড়বে ৭.০৫ শতাংশে।

চলতি বাজার মূল্যে স্থুল দেশজ উৎপাদ (জিডিপি)

বিবিএস -এর সাময়িক হিসাব অনুযায়ী চলতি বাজার মূল্যে ২০১৫-১৬ অর্থবছরের জিডিপি'র আকার দাঁড়িয়েছে প্রায় ১৭,২৯,৫৬৭ কোটি টাকা, যা পূর্ববর্তী অর্থবছরের জিডিপি (১৫,১৫,৮০২ কোটি টাকা) অপেক্ষা ১৪.১০ শতাংশ বেশি। ২০১৫-১৬ অর্থবছরে চলতি বাজার মূল্যে মাথাপিছু জিডিপি প্রাক্কলন করা হয়েছে ১,০৮,১৭২ টাকা, যা পূর্ববর্তী অর্থবছরের মাথাপিছু জিডিপি ৯৬,০০৪ টাকা হতে ১২.৬৭ শতাংশ বেশি। অন্যদিকে, চলতি অর্থবছরে মাথাপিছু জাতীয় আয় দাঁড়িয়েছে ১,১৪,৫৪৭ টাকা, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ১,০২,২৩৬ টাকা। মার্কিন ডলার হিসেবে চলতি অর্থবছরে মাথাপিছু জাতীয় আয় ও মাথাপিছু জিডিপি দাঁড়িয়েছে যথাক্রমে ১,৪৬৬ মার্কিন ডলার ও ১,৩৮৪ মার্কিন ডলার। গত অর্থবছরে মাথাপিছু জাতীয় আয় ও মাথাপিছু জিডিপি'র পরিমাণ ছিল যথাক্রমে ১,৩১৬ মার্কিন ডলার ও ১,২৩৬ মার্কিন ডলার। মার্কিন ডলারের ভিত্তিতে গত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে মাথাপিছু জাতীয় আয় ১১.৪০ শতাংশ বৃদ্ধি পেয়েছে। সারণি ২.১ -এ ২০০৬-০৭ থেকে ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত চলতি বাজার মূল্যে মোট এবং মাথাপিছু জিডিপি ও স্থুল জাতীয় আয় (জিএনআই) এবং সারণি ২.২ -এ ২০০৭-০৮ থেকে ২০১৫-১৬ অর্থবছর পর্যন্ত চলতি বাজার মূল্যে খাতভিত্তিক স্থুল দেশজ উৎপাদ দেখানো হলো:

সারণি ২.১ঃ চলতি বাজার মূল্যে জিডিপি, জিএনআই, মাথাপিছু জিডিপি ও মাথাপিছু জিএনআই (ভিত্তি বছরঃ ২০০৫-০৬)

সূচক	২০০৬-০৭	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬*
জিডিপি (কোটি টাকায়)	৫৪৯৮০০	৬২৮৬৮২	৭০৫০৭২	৭৯৭৫৩৯	৯১৫৮২৯	১০৫৫২০৪	১১৯৮৯২৩	১৩৪৩৬৭৪	১৫১৫৮০২	১৭২৯৫৬৭
জিএনআই (কোটি টাকায়)	৫৮৫০৭৫	৬৭৭০৭২	৭৬০৯৭৩	৮৬২১৪২	৯৮৮৩৪২	১১৪৪৫০৬	১২৯৫৩৫২	১৪৩৩২২৪	১৬১৪২০৪	১৮২৭৫৯৮
জনসংখ্যা (কোটিতে)	১৪.১৮	১৪.৩৮	১৪.৫৮	১৪.৭৮	১৪.৯৭	১৫.১৬	১৫.৩৭	১৫.৫৮	১৫.৭৯	১৫.৯৯
মাথাপিছু জিডিপি (টাকায়)	৩৮৭৭৩	৪৩৭১৯	৪৮৩৫৯	৫৩৯৬১	৬১১৯৮	৬৯৬১৪	৭৮০০৯	৮৬২৬৬	৯৬০০৪	১০৮১৭২
মাথাপিছু জিএনআই (টাকায়)	৪১২৬১	৪৭০৮৪	৫২১৯৩	৫৮৩৩২	৬৬০৪৪	৭৫৫০৫	৮৪২৮৩	৯২০১৫	১০২২৩৬	১১৪৫৪৭
মাথাপিছু জিডিপি (মার্কিন ডলারে)	৫৬২	৬৩৭	৭০৩	৭৮০	৮৬০	৮৮০	৯৭৬	১১১০	১২৩৬	১৩৮৪
মাথাপিছু জিএনআই (মার্কিন ডলারে)	৫৯৮	৬৮৬	৭৫৯	৮৪৩	৯২৮	৯৫৫	১,০৫৪	১১৮৪	১৩১৬	১৪৬৬

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। * সাময়িক হিসাব

সারণি ২.২ঃ চলতি বাজার মূল্যে স্থুল দেশজ উৎপাদ (জিডিপি)

(কোটি টাকায়)

খাত/উপখাত	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬*
১। কৃষি ও বনজ	**৮৯৯৮৬**	**৯৭৮০৭**	**১১০৯৯০**	**১২৫৪৬৯**	**১৩৮৮৭৯**	**১৪৮৭৫৮**	**১৬৩৯৬৮**	**১৭৬৫০০**	**১৮৯২৭২**
ক) শস্য ও শাকসজি	৬৫৭৩০	৭১১৫৮	৮১৪০৫	৯১৯০৩	১০০৮৯৯	১০৬৭৯৪	১১৭৯০৩	১২৬১২১	১৩৩৫৩৫
খ) প্রাণি সম্পদ	১৪২৯৭	১৫৮৩০	১৭৫২৭	২০১৭১	২২৯৯৯	২৫৩৫৯	২৭৬৬৭	২৯৮৮৫	৩২৯১০
গ) বনজ সম্পদ	৯৯৫৯	১০৮১৯	১২০৫৮	১৩৩৯৫	১৪৯৮১	১৬৬০৫	১৮৩৯৮	২০৪৯৪	২২৮২৮
২। মৎস্য সম্পদ	**২০৬৩৫**	**২২৭৯৩**	**২৪৬০১**	**২৮৪৮২**	**৩১৮২৭**	**৩৬৯৯৫**	**৪২৩০৮**	**৪৭৫৮১**	**৫৩১৪৬**
৩। খনিজ ও খনন	**৯১১০**	**১০৯৬২**	**১২৬৪৫**	**১৪২০৮**	**১৬৬৫০**	**১৯৪৬১**	**২১০৮০**	**২৩৮৭৬**	**২৮৮৮০**
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তৈল	৫৩৮৭	৬১৯৪	৬৮০৩	৬৮৪৬	৭৩৬৬	৭৯৫৩	৮১৫৬	৯১৮৮	১০৭২১
খ) অন্যান্য খনিজ সম্পদ	৩৭২৩	৪৭৬৯	৫৮৪২	৭৩৬৩	৯২৮৪	১১৫০৮	১২৯২৪	১৪৬৮৮	১৮১৫৪
৪। শিল্প (ম্যানুঃ)	**১০১৩৭১**	**১১৬১৯৭**	**১২৮৫৭৩**	**১৪৬৫০৩**	**১৬৭৯২৭**	**১৯৭১২৭**	**২২৩২২১**	**২৫৪৪৮৩**	**২৯২২৮২**
ক) বৃহৎ ও মাঝারী শিল্প	৮১০৬৬	৯১৯৯৬	১০১৬১৯	১১৬৪৫৩	১৩৪৩৯৭	১৫৮৪৪৮	১৮০৩৮২	২০৫৯৯২	২৩৮৩৯৬
খ) ক্ষুদ্রায়তন শিল্প	২০৩০৫	২৪২০১	২৬৯৫৪	৩০০৪৯	৩৩৫৩০	৩৮৬৭৯	৪২৮৩৯	৪৮৪৯১	৫৩৮৮৭
৫। বিদ্যুৎ, গ্যাস, ও পানি	**৬৪৪১**	**৭০১২**	**৮৩৪৬**	**১১৫৮৯**	**১৪১৮৯**	**১৬৩৮১**	**১৮৪০১**	**১৯৮৬৮**	**২২৪৫৯**
ক) বিদ্যুৎ	৪৯৫০	৫২৮২	৬০০৩	৮৬৪৬	১০১৮৯	১২১৬৮	১৩৮৩৪	১৫০৬১	১৭১৩৩
খ) গ্যাস	১০৪৫	১২৪৯	১৮০৯	২৩৩৯	৩৩০০	৩৪৪৮	৩৬৭৬	৩৭৮৭	৪১৫০
গ) পানি	৪৪৫	৪৮১	৫৩৩	৬০৫	৭০১	৭৬৬	৮৯১	১০২০	১১৭৫
৬। নির্মাণ	**৩৮৫৩৩**	**৪৪১৮০**	**৪৯৪৭৪**	**৫৭০৭২**	**৬৮৩০৪**	**৮২৪৩২**	**৯০৮৩৪**	**১০৮৪৮৪**	**১২৫৭৫৪**
৭। পাইকারি ও খুচরা বাণিজ্য	**৮৬১৪৯**	**৯৬০৯৪**	**১০৬৬০৬**	**১২১৩৩২**	**১৩৭৩৯৬**	**১৫৪৫৭৯**	**১৭২৫৭৫**	**১৯২৫৮৫**	**২১৪৪০৭**
৮। হোটেল ও রেস্তোরাঁ	**৪৮২৬**	**৫৭৯০**	**৭০২৮**	**৮২২৮**	**৯৭৫৫**	**১১২৬৩**	**১৩০৩৫**	**১৪৯২৮**	**১৭০৬১**
৯। পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ	**৫৯৬২০**	**৬৭১৮৫**	**৮০৪৫৪**	**৯৪৫৭১**	**১১২৭০২**	**১২৪২৮১**	**১৩৪৩১৭**	**১৫০০২৫**	**১৬৯৩৯৭**
ক) স্থল পথ পরিবহণ	৪১৮৮৮	৪৬৯৯৪	৫৭৫৭৪	৬৮৭১৭	৮৩৩৪৫	৯২১৮৩	৯৯৩১১	১১২০৯৬	১২৮১১৭
খ) পানি পথ পরিবহণ	৫১১১	৫৫২৫	৬৩৮৬	৬৯৩৪	৭০৮৯	৭৬৪৯	৮০৬৪	৮৯৬৭	১০২৪৫
গ) আকাশ পথ পরিবহণ	৫৯৫	৬৮২	৮১১	৯৫৭	১০২২	১০৪৭	১১১৬	১২৬৯	১৩০৯
ঘ) সহযোগী পরিবহণ সেবা	৩১৩৭	৩৪২৩	৩৮২৬	৪৪১০	৫৩৯১	৬০০১	৬৬৭২	৭৪২৭	৭৮১৩
ঙ) ডাক ও তার যোগাযোগ	৮৮৮৯	১০৫৬১	১১৮৫৮	১৩৫৫৩	১৫৮৫৪	১৭৪০০	১৯১৫৪	২০২৬৭	২১৯১৩
১০। আর্থিক প্রতিষ্ঠানিক সেবা	**১৮৭০২**	**২০০০৩**	**২৩৪৪৮**	**২৭৫৪৫**	**৩৬৩১৬**	**৪২২৩৭**	**৪৮৫৬৩**	**৫৫৭৬১**	**৬২৮৮০**
ক) ব্যাংক	১৫৪৩১	১৫৮১৭	১৭৫০৮	২১৫২২	২৯৩৫১	৩৪৭২৭	৪০৩৯০	৪৬৬৪৪	৫২৮৯৭
খ) বীমা	২১০৮	২৬২৬	৩৩৫৬	৩৭৮৬	৪৫৮৪	৪৯২০	৫৩৬৪	৫৯৩৮	৬৪৭৯
গ) অন্যান্য	১১৬৩	১৫৬০	২৫৮৩	২২৩৭	২৩৮১	২৫৯০	২৮১০	৩১৮০	৩৫০৬
১১। রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা	**৪৫১১৮**	**৪৯৪৪৯**	**৫৪৪৩২**	**৬০১১৯**	**৬৮৭১৫**	**৭৮৮২০**	**৯১২২৯**	**১০৬০৬১**	**১২৩৩৯২**
১২। লোক প্রশাসন ও প্রতিরক্ষা	**১৯৬৬৪**	**২২৪৬৪**	**২৫৪২৬**	**৩০২৮২**	**৩৩৪৯৯**	**৩৭৬৭৮**	**৪৪৭২৮**	**৫০৬৭৪**	**৭০১০৩**
১৩। শিক্ষা	**১৪৩৩২**	**১৬২৫০**	**১৮২৫৮**	**২১৩৯২**	**২৫০৪৮**	**২৮৪২৯**	**৩২৭৬৭**	**৩৭৬২৪**	**৪৫১৩২**
১৪। স্বাস্থ্য ও সামাজিক সেবা	**১২১৬৪**	**১৩৩৬৮**	**১৫৩২৬**	**১৭৭৩১**	**২০১৩৩**	**২৩৮৬৮**	**২৬৯২৪**	**৩০১৩৫**	**৩৪৭১৩**
১৫। কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা	**৭২২০০**	**৮৫৩৬৬**	**৯৫৬৯২**	**১০৪৬০৮**	**১১৭২৯৩**	**১৩৮৯৫২**	**১৫৬৫৫২**	**১৭৬৪০২**	**১৯৪৫৩৫**
ভর্তুকি ব্যাতিরেকে শুল্ক	**২৯৮৩২**	**৩০১৫২**	**৩৬২৪১**	**৪৬৬৯৮**	**৫৬৫৬৯**	**৫৭৬৬২**	**৬৩১৭৪**	**৭০৮১৫**	**৮৬১৫৪**
চলতি বাজার মূল্যে জিডিপি	**৬২৮৬৮২**	**৭০৫০৭২**	**৭৯৭৫৩৯**	**৯১৫৮২৯**	**১০৫৫২০৪**	**১১৯৮৯২৩**	**১৩৪৩৬৭৪**	**১৫১৫৮০২**	**১৭২৯৫৬৭**
চলতি বাজার মূল্যে প্রবৃদ্ধি হার	**১৪.৩৫**	**১২.১৫**	**১৩.১১**	**১৪.৮৩**	**১৫.২২**	**১৩.৬২**	**১২.০৭**	**১২.৮১**	**১৪.১০**

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, * সাময়িক হিসাব ।

খাতভিত্তিক জিডিপি প্রবৃদ্ধি

উৎপাদন ভিত্তিতে নিরূপিত জিডিপি ১৫ টি খাত নিয়ে গঠিত। খাতসমূহ কৃষি, শিল্প ও সেবা- এ তিনটি বৃহৎ খাতে (broad sector) বিভক্ত। এছাড়া, কয়েকটি খাত আবার একাধিক উপখাতে বিভক্ত। সার্বিক খাত হিসেবে কৃষি খাত, কৃষি ও বনজ এবং মৎস্য- এ দুটি উপখাতের সমন্বয়ে গঠিত। সার্বিক শিল্প খাতের আওতাধীন খাতসমূহ হচ্ছে খনিজ ও খনন, ম্যানুফ্যাকচারিং, বিদ্যুৎ, গ্যাস ও পানি সরবরাহ এবং নির্মাণ। এছাড়া, পাইকারি ও খুচরা বাণিজ্য, হোটেল ও রেস্তোরাঁ, পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ, আর্থিক প্রাতিষ্ঠানিক সেবা, রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা, লোক প্রশাসন ও প্রতিরক্ষা, শিক্ষা, স্বাস্থ্য ও সামাজিক সেবা এবং কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা খাতসমূহের সমন্বিত উৎপাদনই সার্বিক সেবা খাতের মোট উৎপাদন। সারণি ২.৩ এবং লেখচিত্র ২.১ -এ ২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপির খাতওয়ারি প্রবৃদ্ধির হার উপস্থাপন করা হলো:

সারণি ২.৩ঃ ২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপির খাতওয়ারি প্রবৃদ্ধির হার

(শতকরা হার)

খাত/উপখাত	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬*
১। কৃষি ও বনজ	**৩.৮৭**	**৩.০৯**	**৬.৫৫**	**৩.৮৯**	**২.৪১**	**১.৪৭**	**৩.৮১**	**২.৪৫**	**১.৫৩**
ক) শস্য ও শাকসব্জি	৩.৯৯	২.৮৩	৭.৫৭	৩.৮৫	১.৭৫	০.৫৯	৩.৭৮	১.৮৩	০.৫০
খ) প্রাণি সম্পদ	২.২০	২.৩৫	২.৫১	২.৫৯	২.৬৮	২.৭৪	২.৮৩	৩.০৮	৩.২১
গ) বনজ সম্পদ	৫.২৬	৫.৫৪	৫.৩৪	৫.৫৬	৫.৯৬	৫.০৪	৫.০১	৫.০৮	৫.১৩
২। মৎস্য সম্পদ	**৭.০০**	**৪.৯৪**	**৪.৬০**	**৬.৬৯**	**৫.৩২**	**৬.১৮**	**৬.৩৬**	**৬.৩৮**	**৬.১৯**
৩। খনিজ ও খনন	**৭.৬৭**	**১০.৪৬**	**৮.১৫**	**৩.৬২**	**৬.৯৩**	**৯.৩৫**	**৪.৬৮**	**৯.৬০**	**১২.০৬**
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত	৬.৬৩	৯.৪৯	৮.৫২	০.৬৮	৩.৭৮	৭.৫৫	২.৪৭	৮.৭৩	১২.৫০
খ) অন্যান্য খনিজ সম্পদ ও খনন	৯.৭৯	১২.৩৯	৭.৪৩	৯.৩৪	১২.৫৮	১২.৩৪	৮.২০	১০.৯০	১১.৪১
৪। শিল্প (ম্যানুঃ)	**৭.৩৩**	**৬.৬৯**	**৬.৬৫**	**১০.০১**	**৯.৯৬**	**১০.৩১**	**৮.৭৭**	**১০.৩১**	**১০.৩০**
ক) বৃহৎ ও মাঝারী শিল্প	৭.৩৮	৬.৫৪	৬.২৭	১১.১১	১০.৭৬	১০.৬৫	৯.৩২	১০.৭০	১১.০১
খ) ক্ষুদ্রায়তন শিল্প	৭.১৫	৭.৩০	৮.১৭	৫.৬৭	৬.৫৮	৮.৮১	৬.৩৩	৮.৫৪	৭.০২
৫। বিদ্যুৎ, গ্যাস, ও পানি সম্পদ	**৭.৭৭**	**৭.২৬**	**৯.৯৭**	**১৩.৩৬**	**১০.৫৮**	**৮.৯৯**	**৪.৫৪**	**৬.২২**	**১১.১৫**
ক) বিদ্যুৎ	৭.২১	৭.১৩	১০.৫০	১৫.৮২	১০.৯৭	৯.৬৯	৪.৪৫	৬.০৯	১১.৪২
খ) গ্যাস	৮.৫৩	১০.৩৩	৮.৭৮	০.০৭	৭.৪৫	৫.৯১	১.৬৯	৫.১৬	৯.৭৫
গ) পানি	১৩.২৯	৩.২২	৫.৭৯	৮.২৩	১০.৯১	৪.৭৫	১০.৯৩	৯.৬২	৯.৮৯
৬। নির্মাণ	**৫.৯৯**	**৬.৫৮**	**৭.২১**	**৬.৯৫**	**৮.৪২**	**৮.০৪**	**৮.০৮**	**৮.৬০**	**৮.৮৭**
৭। পাইকারি ও খুচরা বাণিজ্য	**৭.২৭**	**৫.৮৬**	**৫.৮৫**	**৬.৬৯**	**৬.৭০**	**৬.১৮**	**৬.৭৩**	**৬.৩৫**	**৬.৬১**
৮। হোটেল ও রেস্তোরাঁ	**৫.৬৮**	**৫.৮৬**	**৬.০১**	**৬.২০**	**৬.৩৯**	**৬.৪৯**	**৬.৭০**	**৬.৮৩**	**৭.০০**
৯। পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ	**৮.২৬**	**৮.০৫**	**৭.৫৫**	**৮.৪৪**	**৯.১৫**	**৬.২৭**	**৬.০৫**	**৫.৯৬**	**৬.৫১**
ক) স্থল পথ পরিবহণ	৫.৫৬	৬.৫৯	৭.৩১	৭.১৮	৬.৮৩	৫.৯১	৫.৫৬	৬.১৮	৬.৫৫
খ) পানি পথ পরিবহণ	৩.১৫	৩.১১	৩.১৯	২.৯২	৩.১০	৩.২১	৩.১৫	৩.৬২	৩.৫৭
গ) আকাশ পথ পরিবহণ	২.২০	১৪.৪১	১৮.১৯	১৫.২৩	৫.৭৬	-১.৬৪	০.৬১	৮.৭১	১.৮১
ঘ) সহযোগী পরিবহণ সেবা ও সংরক্ষণ	১১.৩১	৭.৭৯	১০.৩৩	১১.৯৭	১৭.৬০	৩.৩৬	২.৫৯	৫.৩৭	৪.৮৫
ঙ) ডাক ও তার যোগাযোগ	২২.৭১	১৫.৮৮	৯.০২	১৩.৭৭	১৬.৯২	৯.৬৭	৯.৫৬	৬.১১	৭.৯০
১০। আর্থিক প্রতিষ্ঠানিক সেবা	**৩.৯২**	**-০.০৩**	**৬.২৫**	**১০.৪৪**	**১৪.৭৬**	**৯.১১**	**৭.২৭**	**৭.৭৮**	**৬.৬৪**
ক) ব্যাংক	২.২৩	-৩.৯০	৩.১৫	১২.৯৮	১৭.৬১	১০.৮৭	৮.৩৩	৮.৪৯	৭.২৪
খ) বীমা	১১.৮৭	১৬.৮০	১৯.০৮	৩.৬৯	৪.৪১	০.৬১	১.৫৫	৩.৯৫	২.৬৬
গ) অন্যান্য	১৬.২০	২৪.১৮	১৭.৭১	-২.৫৪	২.৩৩	৩.১৪	৩.৬৩	৪.৬৮	২.১২
১১। রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য	**৩.৭৯**	**৩.৮৩**	**৩.৮৫**	**৩.৮৮**	**৩.৯২**	**৪.০৪**	**৪.২৫**	**৪.৪০**	**৪.৫১**
১২। লোক প্রশাসন ও প্রতিরক্ষা	**৬.৫১**	**৭.১১**	**৮.২৩**	**৮.৮৪**	**৭.৫৩**	**৬.৫৩**	**৬.৮৯**	**৯.৮২**	**১৫.৬৮**
১৩। শিক্ষা	**৭.১৪**	**৫.৮৯**	**৫.১৮**	**৫.৬৩**	**৭.৭৫**	**৬.৩০**	**৭.২৬**	**৮.০১**	**১৩.৭৮**
১৪। স্বাস্থ্য ও সামাজিক সেবা	**৫.৮৬**	**৩.০৪**	**৬.৮৩**	**৬.৩৪**	**৩.৮১**	**৪.৭৬**	**৫.০৬**	**৫.১৮**	**৮.৪৫**
১৫। কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা	**৩.১৯**	**৩.২০**	**৩.২১**	**৩.২৩**	**৩.২৫**	**৩.২৫**	**৩.২৭**	**৩.২৮**	**৩.৩০**
স্থির মূল্যে জিডিপি প্রবৃদ্ধির হার	**৬.০১**	**৫.০৫**	**৫.৫৭**	**৬.৪৬**	**৬.৫২**	**৬.০১**	**৬.০৬**	**৬.৫৫**	**৭.০৫**

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক হিসাব



কৃষি খাত

২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে চলতি ২০১৫-১৬ অর্থবছরের স্থুল দেশজ উৎপাদে সার্বিক কৃষি (broad agriculture) খাতের মধ্যে কৃষি ও বনজ খাতে প্রবৃদ্ধির হার প্রাক্কলন করা হয়েছে ১.৫৩ শতাংশ, যা পূর্ববর্তী অর্থবছরে ছিল ২.৪৫ শতাংশ। এ খাতের প্রাণিসম্পদ ও বনজ সম্পদ উপখাতের প্রবৃদ্ধির হার সামান্য বৃদ্ধি পেলেও মূলতঃ শস্য ও শাকসজি উপখাতে চলতি অর্থবছরের প্রবৃদ্ধি গত অর্থবছরের ১.৮৩ শতাংশ থেকে ০.৫০ শতাংশে নেমে আসায় কৃষি ও বনজ খাতে সার্বিক প্রবৃদ্ধি হ্রাস পেয়েছে।

চলতি অর্থবছরে মোট খাদ্যশস্য (চাল, গম ও ভুট্টা) উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৩৮৯.৯৭ লক্ষ মেট্রিক টন, যা গত অর্থবছরের মোট খাদ্যশস্য উৎপাদন (৩৮৪.১৯ লক্ষ মেট্রিক টন) অপেক্ষা ৫.৭৮ লক্ষ মেট্রিক টন বেশি। প্রাথমিক হিসাব অনুযায়ী এ বছর আউশ (২৪.৭৫ লক্ষ মেট্রিক টন) ও আমনের (১৩৫.৫৫ লক্ষ মেট্রিক টন) উৎপাদন হয়েছে ১৬০.০৩ লক্ষ মেট্রিক টন, যা গত বছরে ছিল ১৫৫.১৮ লক্ষ মেট্রিক টন। এ বছর বোরোর উৎপাদন লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৯০.০০ লক্ষ মেট্রিক টন, গত বছরে যার উৎপাদন ছিল ১৯১.৯২ লক্ষ মেট্রিক টন। চলতি অর্থবছরে গম উৎপাদনের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১৩.৯৫ লক্ষ মেট্রিক টন, গত বছরে যার উৎপাদন ছিল ১৩.৮৪ লক্ষ মেট্রিক টন। এছাড়া, ২০১৫-১৬ অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী ভুট্টা উৎপাদন কিছুটা বেড়ে ২৫.৭২ লক্ষ মেট্রিক টন হয়েছে, যা গত অর্থবছরে ছিল ২৩.৬১ লক্ষ মেট্রিক টন।

চলতি ২০১৫-১৬ অর্থবছরে প্রাণিসম্পদ ও বনজসম্পদ উপখাতে প্রবৃদ্ধির ধারা অব্যাহত রয়েছে। চলতি অর্থবছরে প্রাণিসম্পদ ও বনজ সম্পদ উপখাতে প্রবৃদ্ধি হয়েছে যথাক্রমে ৩.২১ শতাংশ ও ৫.১৩ শতাংশ, গত অর্থবছরে প্রবৃদ্ধি হয়েছিল যথাক্রমে ৩.০৮ শতাংশ ও ৫.০৮ শতাংশ।

মৎস্য অধিদপ্তরের প্রাক্কলিত হিসাব অনুযায়ী চলতি ২০১৫-১৬ অর্থবছরে অভ্যন্তরীণ ও সামুদ্রিক উৎস হতে মোট মৎস্য উৎপাদনের লক্ষ্যমাত্রা ৩৮.৪৮ লক্ষ মেট্রিক টন, যা ২০১৪-১৫ অর্থবছরের মোট মৎস্য উৎপাদনের (৩৬.৮৪ লক্ষ মেট্রিক টন) তুলনায় ৪.৪৫ শতাংশ বেশি।

শিল্প খাত

২০১৫-১৬ অর্থবছরে সার্বিক শিল্প (broad industry) খাতের মধ্যে খনিজ ও খনন খাতের প্রবৃদ্ধির হার উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়ে ১২.০৬ শতাংশে দাঁড়িয়েছে, যা ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৯.৬০ শতাংশ। ২০১৫-১৬ অর্থবছরে প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত পেট্রোলিয়াম উপখাতে প্রবৃদ্ধির হার ১২.৫০ শতাংশ এবং অন্যান্য খনিজ ও কয়লা উপখাতে প্রবৃদ্ধির হার ১১.৪১ শতাংশ হবে বলে সাময়িক হিসাব করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে এ দুই উপখাতে প্রবৃদ্ধি হয়েছিল যথাক্রমে ৮.৭৩ শতাংশ ও ১০.৯০ শতাংশ। সামগ্রিকভাবে ২০১৫-১৬ অর্থবছরে ম্যানুফ্যাকচারিং শিল্প খাতে (বৃহৎ, মাঝারি ও ক্ষুদ্র শিল্পে) ১০.৩০ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হবে, ২০১৪-১৫ অর্থবছরে প্রবৃদ্ধির হার ছিল ১০.৩১ শতাংশ। এর মধ্যে বৃহৎ ও মাঝারি শিল্পে প্রবৃদ্ধির হার বেড়েছে। তবে ক্ষুদ্রায়তন শিল্প উপখাতে প্রবৃদ্ধির হার হ্রাস পেয়েছে। চলতি অর্থবছরের সাময়িক হিসাব অনুযায়ী এ দুই উপখাতে প্রবৃদ্ধির হার দাঁড়িয়েছে যথাক্রমে ১১.০১ শতাংশ ও ৭.০২ শতাংশ, যা গত ২০১৪-১৫ অর্থবছরের চূড়ান্ত হিসাব অনুযায়ী ছিল যথাক্রমে ১০.৭০ শতাংশ ও ৮.৫৪ শতাংশ।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক নিরূপিত শিল্প উৎপাদন সূচক (QIP, ভিত্তিবছরঃ ২০০৫-০৬) অনুসারে ২০১৫-১৬ অর্থবছরের প্রথম ছয় মাসে গড়ে (জুলাই-ডিসেম্বর'২০১৫) বৃহৎ ও মাঝারি ম্যানুফ্যাকচারিং শিল্প উপখাতে সাধারণ শিল্প উৎপাদন সূচক দাঁড়িয়েছে ২৮৬.০৫, যা পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় ১৭.২০ শতাংশ বেশি। ২০১৫-১৬ অর্থবছরের প্রথম ছয় মাসে গুরুত্বপূর্ণ খাতের মধ্যে খাদ্য দ্রব্য (২৮.৭৮%), তৈরি পোশাক ও নিটওয়্যার (১৫.৬৯%), টেক্সটাইল (২৭.৪৫%), কেমিক্যাল ও কেমিক্যাল দ্রব্যাদি (১২.৬৯%), ফার্মাসিটিক্যালস্ ও মেডিসিনাল কেমিক্যাল (৯.২৮%), অ-ধাতব খনিজ দ্রব্য (৪৪.৬১%), ফেব্রিকেটেড ধাতব দ্রব্য (২.৬৫%) প্রভৃতি শিল্পে পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় উৎপাদন সূচক বৃদ্ধি পেয়েছে। অপরদিকে, চামড়া ও চামড়াজাত দ্রব্য (-৩৯.৬৭%) এবং বেসিক ধাতব দ্রব্য (-০.৪৩%) শিল্পে উৎপাদন সূচক পূর্ববর্তী অর্থবছরের একই সময়ের তুলনায় হ্রাস পেয়েছে।

চলতি অর্থবছরে স্থির মুল্যের জিডিপিতে বিদ্যুৎ, গ্যাস ও পানি খাতে প্রবৃদ্ধি প্রাক্কলন করা হয়েছে ১১.১৫ শতাংশ, যা গত অর্থবছরে ছিল ৬.২২ শতাংশ। এর মধ্যে বিদ্যুৎ ও গ্যাস উপখাতে প্রবৃদ্ধির হার গত অর্থবছরের তুলনায় উল্লেখযোগ্য হারে বৃদ্ধি পেয়েছে। বিদ্যুৎ ও গ্যাস উপখাতের প্রবৃদ্ধির হার দাঁড়িয়েছে যথাক্রমে ১১.৪২ শতাংশ, ৯.৭৫ শতাংশ, গত অর্থবছরে প্রবৃদ্ধির এ হার ছিল যথাক্রমে ৬.০৯ শতাংশ ও ৫.১৬ শতাংশ। অন্যদিকে, পানি সম্পদ খাতের প্রবৃদ্ধি ৯.৬২ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে চলতি অর্থবছরে ৯.৮৯ শতাংশে উন্নীত হবে বলে প্রাক্কলন করা হয়েছে। পাশাপাশি, অবকাঠামো খাতে বিনিয়োগ বৃদ্ধি পাওয়ায় নির্মাণ খাতে ২০১৫-১৬ অর্থবছরে প্রবৃদ্ধির হার ৮.৮৭ শতাংশ হবে বলে প্রাক্কলন করা হয়েছে। পূর্ববর্তী অর্থবছরে এ খাতে প্রকৃত প্রবৃদ্ধি ছিল ৮.৬০ শতাংশ।

সেবা খাত

২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে সার্বিক সেবা (broad service) খাতের অর্ন্তভুক্ত আর্থিক ও প্রতিষ্ঠানিক সেবা খাত ব্যতীত অন্যান্য সকল খাতেই প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের তুলনায় চলতি ২০১৫-১৬ অর্থবছরে বৃদ্ধি পাবে বলে প্রাক্কলন করা হয়েছে। ২০১৫-১৬ অর্থবছরের সাময়িক হিসাবে, পাইকারি ও খুচরা বাণিজ্য খাতে প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের ৬.৩৫ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে চলতি অর্থবছরে ৬.৬১ শতাংশে দাঁড়িয়েছে। হোটেল ও রেস্তোঁরা খাতে প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের (৬.৮৩%) তুলনায় বৃদ্ধি পেয়ে ৭.০০ শতাংশ হবে বলে প্রাক্কলন করা হয়েছে। পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ খাতে চলতি অর্থবছরে ৬.৫১ শতাংশ প্রবৃদ্ধি অর্জিত হবে বলে প্রাক্কলন করা হয়েছে। উল্লেখ্য, ২০১৪-১৫ অর্থবছরে এ খাতে প্রবৃদ্ধির হার ছিল ৫.৯৬ শতাংশ। এ খাতের অর্ন্তগত ৫টি উপখাতের মধ্যে বিমান পরিবহন উপ-খাতের প্রবৃদ্ধি উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে বলে প্রাক্কলন করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে বিমান পরিবহন উপখাতে প্রবৃদ্ধির হার ছিল ৮.৭১ শতাংশ, যা সাময়িক হিসাব অনুযায়ী চলতি অর্থবছরে ১.৮১ শতাংশ বাড়বে বলে প্রাক্কলন করা হয়েছে। পাশাপাশি, অন্যান্য উপখাতের মধ্যে চলতি অর্থবছরে স্থলপথ পরিবহণ উপখাতে ৬.৫৫ শতাংশ, পানিপথ পরিবহণ উপখাতে ৩.৫৭ শতাংশ, এবং ডাক ও তার যোগাযোগ উপখাতে প্রবৃদ্ধির হার ৭.৯০ শতাংশ অর্জিত হবে বলে

প্রাক্কলন করা হয়েছে। আর্থিক ও প্রাতিষ্ঠানিক সেবা খাতে প্রবৃদ্ধির হার গত অর্থবছরের ৭.৭৮ শতাংশ থেকে হ্রাস পেয়ে চলতি অর্থবছরে ৬.৬৪ শতাংশে দাঁড়াতে পারে। সার্বিক সেবাখাতের অন্তর্ভুক্ত অন্যান্য খাতের মধ্যে চলতি ২০১৫-১৬ অর্থবছরে রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা খাতের প্রবৃদ্ধির হার চলতি অর্থবছরে ৪.৫১ শতাংশ হবে বলে প্রাক্কলন করা হয়েছে, যা ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৪.৪০ শতাংশ। এছাড়া, সার্বিক সেবা খাতের অন্তর্ভুক্ত অবশিষ্ট খাতসমূহের মধ্যে লোকপ্রশাসন ও প্রতিরক্ষা; শিক্ষা; স্বাস্থ্য ও সমাজকর্ম; কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা প্রভৃতি প্রত্যেক খাতেই প্রবৃদ্ধির হার পূর্ববর্তী অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১৫.৬৮ শতাংশ, ১৩.৭৮ শতাংশ, ৮.৪৫ শতাংশ এবং ৩.৩০ শতাংশ হবে বলে প্রাক্কলন করা হয়েছে।

স্থির মূল্যে জিডিপিতে খাতসমূহের অবদান

সারণি ২.৪-এ ২০০৫-০৬ অর্থবছরের ভিত্তি মূল্যে জিডিপিতে খাতওয়ারি অবদানের হার উপস্থাপন করা হয়েছে। ২০১৫-১৬ অর্থবছরে স্থির মূল্যে জিডিপিতে কৃষি ও বনজ খাতের অবদান প্রাক্কলন করা হয়েছে ১১.৬৮ শতাংশ। ২০১৪-১৫ অর্থবছরে এ খাতের প্রকৃত অবদান ছিল ১২.৩২ শতাংশ। গত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে জিডিপিতে কৃষি ও বনজ খাতের অন্তর্ভুক্ত তিনটি উপখাতেরই অবদান হ্রাস পেয়েছে। এছাড়া জিডিপি'তে মৎস্য খাতের অবদানও গত অর্থবছরের ৩.৬৯ শতাংশ থেকে হ্রাস পেয়ে ৩.৬৫ শতাংশে দাঁড়িয়েছে। সার্বিকভাবে ২০১৫-১৬ অর্থবছরে জিডিপি'তে কৃষি খাতের অবদান প্রাক্কলন করা হয়েছে ১৫.৩৩ শতাংশ। পূর্ববর্তী অর্থবছরে এ খাতের প্রকৃত অবদান ছিল ১৬.০০ শতাংশ।

২০১৫-১৬ অর্থবছরে স্থির মূল্যে সার্বিক শিল্প খাতের মধ্যে খনিজ ও খনন খাতের জিডিপি'তে অবদান প্রাক্কলন করা হয়েছে ১.৭৬ শতাংশ। ২০১৪-১৫ অর্থবছরে এ খাতে প্রকৃত অবদান ছিল ১.৬৮ শতাংশ। ম্যানুফ্যাকচারিং শিল্প খাতের অবদান ২০১৪-১৫ অর্থবছরের ২০.১৬ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ২০১৫-১৬ অর্থবছরে ২০.৭৭ শতাংশে পৌঁছেছে। এছাড়া, চলতি অর্থবছরে বিদ্যুৎ ও গ্যাস উপখাতের অবদান সামান্য বৃদ্ধি পেয়েছে এবং পানি সরবরাহ উপখাতের অবদান একই রয়েছে। নির্মাণ খাতের অবদান গত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে কিছুটা বৃদ্ধি পেয়েছে। চলতি অর্থবছরে স্থির মূল্যের জিডিপিতে সার্বিক শিল্প খাতের অবদান দাঁড়িয়েছে ৩১.২৮ শতাংশ, যা ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৩০.৪২ শতাংশ।

২০১৫-১৬ অর্থবছরের জিডিপি'তে সার্বিক সেবা খাতের অবদান দাঁড়িয়েছে ৫৩.৩৯ শতাংশ, যা ২০১৪-১৫ অর্থবছরে ছিল ৫৩.৫৮ শতাংশ। সার্বিক সেবা খাতের অন্তর্ভুক্ত পাইকারি ও খুচরা বাণিজ্য খাতের জিডিপি'তে অবদান সর্বোচ্চ, যা চলতি ২০১৫-১৬ অর্থবছরে ১৪.০২ শতাংশ হতে পারে বলে প্রাক্কলন করা হয়েছে। ২০১৪-১৫ অর্থবছরে এ খাতের অবদান ছিল ১৪.০৮ শতাংশ। এছাড়া, চলতি অর্থবছরে সার্বিক সেবা খাতের অন্তর্ভুক্ত পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ খাতের অবদান দ্বিতীয় সর্বোচ্চ (১১.৩৭%)। পরবর্তী অবস্থানসমূহে রয়েছে কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা (৯.১৮%); রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা (৬.৬৪%); লোক প্রশাসন ও প্রতিরক্ষা (৩.৭৭%); আর্থিক প্রতিষ্ঠানিক সেবা (৩.৩৬%); শিক্ষা (২.৪৩%); স্বাস্থ্য ও সামাজিক সেবা (১.৮৬%) এবং হোটেল ও রেস্তোরা(০.৭৫%)।

সারণি ২.৪ঃ ২০০৫-০৬ অর্থ বছরের ভিত্তি মূল্যে জিডিপিতে খাতওয়ারি অবদানের হার

(শতকরা হার)

খাত/উপখাত	২০০৭-০৮	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬*
১। কৃষি ও বনজ	**১৪.৮৯**	**১৪.৫৮**	**১৪.৬৫**	**১৪.২৭**	**১৩.৭০**	**১৩.০৯**	**১২.৮১**	**১২.৩২**	**১১.৬৮**
ক) শস্য ও শাকসজি	১০.৮৮	১০.৬৩	১০.৭৯	১০.৫০	১০.০১	৯.৪৯	৯.২৮	৮.৮৭	৮.৩২
খ) প্রাণি সম্পদ	২.১৯	২.১৩	২.০৬	১.৯৮	১.৯০	১.৮৪	১.৭৮	১.৭৩	১.৬৬
গ) বনজ সম্পদ	১.৮২	১.৮২	১.৮১	১.৭৯	১.৭৮	১.৭৬	১.৭৪	১.৭২	১.৬৯
২। মৎস্য সম্পদ	**৩.৭৯**	**৩.৭৮**	**৩.৭৩**	**৩.৭৩**	**৩.৬৮**	**৩.৬৮**	**৩.৬৯**	**৩.৬৯**	**৩.৬৫**
৩। খনিজ ও খনন	**১.৫৪**	**১.৬২**	**১.৬৫**	**১.৬০**	**১.৬১**	**১.৬৫**	**১.৬৩**	**১.৬৮**	**১.৭৬**
ক) প্রাকৃতিক গ্যাস ও অপরিশোধিত তৈল	১.০২	১.০৭	১.০৯	১.০৩	১.০০	১.০১	০.৯৮	১.০০	১.০৫
খ) অন্যান্য খনিজ সম্পদ ও খনন	০.৫২	০.৫৫	০.৫৬	০.৫৭	০.৬১	০.৬৪	০.৬৫	০.৬৮	০.৭১
৪। শিল্প (ম্যানুঃ)	**১৬.৮৭**	**১৭.১০**	**১৭.২০**	**১৭.৭৫**	**১৮.২৮**	**১৯.০০**	**১৯.৪৭**	**২০.১৬**	**২০.৭৭**
ক) বৃহৎ ও মাঝারী শিল্প	১৩.৫৫	১৩.৭১	১৩.৭৪	১৪.৩২	১৪.৮৬	১৫.৪৯	১৫.৯৫	১৬.৫৮	১৭.১৯
খ) ক্ষুদ্রায়তন শিল্প	৩.৩৩	৩.৩৯	৩.৪৬	৩.৪৩	৩.৪২	৩.৫১	৩.৫১	৩.৫৮	৩.৫৮
৫। বিদ্যুৎ, গ্যাস, ও পানি সম্পদ	**১.২১**	**১.২৩**	**১.২৮**	**১.৩৬**	**১.৪১**	**১.৪৫**	**১.৪২**	**১.৪২**	**১.৪৭**
ক) বিদ্যুৎ	০.৯৮	১.০০	১.০৪	১.১৩	১.১৭	১.২১	১.১৯	১.১৯	১.২৩
খ) গ্যাস	০.১৫	০.১৬	০.১৬	০.১৫	০.১৫	০.১৫	০.১৫	০.১৪	০.১৫
গ) পানি	০.০৮	০.০৮	০.০৮	০.০৮	০.০৯	০.০৮	০.০৯	০.০৯	০.০৯
৬। নির্মাণ	**৬.৫০**	**৬.৫৮**	**৬.৬৫**	**৬.৬৭**	**৬.৭৮**	**৬.৯০**	**৭.০৩**	**৭.১৬**	**৭.২৮**
৭। পাইকারি ও খুচরা বাণিজ্য	**১৩.৯৬**	**১৪.০৪**	**১৪.০২**	**১৪.০২**	**১৪.০২**	**১৪.০৩**	**১৪.১০**	**১৪.০৮**	**১৪.০২**
৮। হোটেল ও রেস্তোরাঁ	**০.৭৪**	**০.৭৫**	**০.৭৫**	**০.৭৫**	**০.৭৪**	**০.৭৫**	**০.৭৫**	**০.৭৫**	**০.৭৫**
৯। পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ	**১০.৬১**	**১০.৮৯**	**১১.০৫**	**১১.২৩**	**১১.৪৯**	**১১.৫০**	**১১.৪৯**	**১১.৪৩**	**১১.৩৭**
ক) স্থল পথ পরিবহণ	৭.১০	৭.১৯	৭.২৮	৭.৩১	৭.৩২	৭.৩১	৭.২৭	৭.২৪	৭.২১
খ) পানি পথ পরিবহণ	০.৯৭	০.৯৫	০.৯২	০.৮৯	০.৮৬	০.৮৪	০.৮১	০.৭৯	০.৭৭
গ) আকাশ পথ পরিবহণ	০.১১	০.১২	০.১৩	০.১৪	০.১৪	০.১৩	০.১২	০.১২	০.১২
ঘ) সহযোগী পরিবহণ সেবা ও সংরক্ষণ	০.৫৬	০.৫৮	০.৬০	০.৬৩	০.৬৯	০.৬৭	০.৬৫	০.৬৪	০.৬৩
ঙ) ডাক ও তার যোগাযোগ	১.৮৭	২.০৬	২.১২	২.২৬	২.৪৮	২.৫৬	২.৬৪	২.৬৩	২.৬৫
১০। আর্থিক প্রতিষ্ঠানিক সেবা	**৩.০৩**	**২.৮৮**	**২.৮৮**	**২.৯৯**	**৩.২১**	**৩.৩০**	**৩.৩৪**	**৩.৩৮**	**৩.৩৬**
ক) ব্যাংক	২.৫২	২.৩০	২.২৪	২.৩৭	২.৬২	২.৭৩	২.৭৯	২.৮৪	২.৮৪
খ) বীমা	০.৩৪	০.৩৮	০.৪৩	০.৪২	০.৪১	০.৩৯	০.৩৭	০.৩৬	০.৩৫
গ) অন্যান্য	০.১৬	০.১৯	০.২১	০.২০	০.১৯	০.১৮	০.১৮	০.১৮	০.১৭
১১। রিয়েল এস্টেট, ভাড়া ও অন্যান্য ব্যবসা	**৭.৮৭**	**৭.৭৭**	**৭.৬১**	**৭.৪১**	**৭.২২**	**৭.০৭**	**৬.৯৫**	**৬.৮১**	**৬.৬৪**
১২। লোক প্রশাসন ও প্রতিরক্ষা	**৩.১৪**	**৩.১৯**	**৩.২৬**	**৩.৩৩**	**৩.৩৫**	**৩.৩৬**	**৩.৩৯**	**৩.৪৯**	**৩.৭৭**
১৩। শিক্ষা	**২.২৪**	**২.২৫**	**২.২৩**	**২.২১**	**২.২৩**	**২.২৪**	**২.২৬**	**২.২৯**	**২.৪৩**
১৪। স্বাস্থ্য ও সামাজিক সেবা	**১.৯৯**	**১.৯৫**	**১.৯৬**	**১.৯৫**	**১.৯০**	**১.৮৮**	**১.৮৬**	**১.৮৩**	**১.৮৬**
১৫। কমিউনিটি, সামাজিক ও ব্যক্তিগত সেবা	**১১.৬১**	**১১.৩৮**	**১১.০৮**	**১০.৭২**	**১০.৩৮**	**১০.০৯**	**৯.৮২**	**৯.৫২**	**৯.১৮**
মোট	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**	**১০০.০০**

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো। * সাময়িক হিসাব

জিডিপিতে সার্বিক খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন সারণি ২.৫ ও লেখচিত্র ২.২ -এ দেখানো হয়েছে। সারণি থেকে দেখা যাচ্ছে যে, জিডিপিতে কৃষি থেকে শিল্প খাতের অবদানের কাঠামোগত পরিবর্তনের ধারা এ অর্থবছরেও অব্যাহত আছে।

সারণি ২.৫ঃ স্থির মূল্যে দেশজ উৎপাদ সার্বিক খাতসমূহের অবদানের কাঠামোগত পরিবর্তন ও প্রবৃদ্ধির ধারা

অবদান (শতকরা হার)											
খাত	১৯৮০-৮১	১৯৮৫-৮৬	১৯৯০-৯১	১৯৯৫-৯৬	২০০০-০১	২০০৫-০৬	২০১০-১১	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬*
কৃষি	৩৩.০৭	৩১.১৫	২৯.২৩	২৫.৬৮	২৫.০৩	১৯.০১	১৮.০১	১৬.৭৮	১৬.৫০	১৬.০০	১৫.৩৩
শিল্প	১৭.৩১	১৯.১৩	২১.০৪	২৪.৮৭	২৬.২০	২৫.৪০	২৭.৩৮	২৯.০০	২৯.৫৫	৩০.৪২	৩১.২৮
সেবা	৪৯.৬২	৪৯.৭৩	৪৯.৭৩	৪৯.৪৫	৪৮.৭৭	৫৫.৫৯	৫৪.৬১	৫৪.২২	৫৩.১৫	৫৩.৫৮	৫৩.৩৯
মোট	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০	১০০.০০
প্রবৃদ্ধি (শতকরা হার)											
কৃষি	৩.৩১	৩.৩১	২.২৩	৩.১০	৩.১৪	৫.৫০	৪.৪৬	২.৪৬	৪.৩৭	৩.৩৩	২.৬০
শিল্প	৫.১৩	৬.৭২	৪.৫৭	৬.৯৮	৭.৪৫	৯.৮০	৯.০২	৯.৬৪	৮.১৬	৯.৬৭	১০.১০
সেবা	৩.৫৫	৪.১০	৩.২৮	৩.৯৬	৫.৫৩	৬.৬০	৬.২২	৫.৫১	৫.৬২	৫.৮০	৬.৭০
সার্বিক জিডিপি (উৎপাদন মূল্যে)	৩.৭৪	৩.৩৪	৩.২৪	৪.৪৭	৫.৪১	৭.১৮	৬.৬৪	৬.১৪	৬.১৫	৬.৫৪	৭.০৮

উৎস: বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক হিসাব। নোটঃ ২০০০-০১ অর্থবছর পর্যন্ত উপাত্তসমূহ ১৯৯৫-৯৬ অর্থবছরের এবং পরবর্তী অর্থবছরসমূহ ২০০৫-০৬ অর্থবছরের ভিত্তিমূল্যে নিরূপিত।

লেখচিত্র ২.২ থেকে দেখা যাচ্ছে যে, ২০০৫-০৬ অর্থবছর পূর্বে সেবা খাতের অবদান ছিল জিডিপি'র প্রায় ৫০ শতাংশ। ২০০৫-০৬ অর্থবছরে এ হার ৫৫.৫৯ শতাংশে উন্নীত হয়। সাম্প্রতিক সময়ে সেবা খাতের অবদান ৫৩-৫৪ শতাংশের কাছাকাছি রয়েছে।



ব্যয়ভিত্তিক জিডিপি

সারণি ২.৬ -এ ব্যয়ভিত্তিতে নিরূপিত জিডিপি ও সারণি ২.৭ -এ জিডিপি'র শতকরা হারে ভোগ, সঞ্চয় ও বিনিয়োগ পরিস্থিতি তুলে ধরা হয়েছে। ব্যয়ের ক্ষেত্রে দেখা যায় যে, সাময়িক হিসাবে ২০১৫-১৬ অর্থবছরে ভোগব্যয়ের পরিমাণ জিডিপি'র শতকরা হারে গত অর্থবছর হতে ১.৭৩ পাসেন্টেজ পয়েন্টস হ্রাস পেয়ে ৭৬.১১ শতাংশে দাঁড়িয়েছে। অপরদিকে, ২০১৫-১৬ অর্থবছরে দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয়ের হার প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে জিডিপি'র ২৩.৮৯ শতাংশ ও ৩০.০৮ শতাংশ, যা ২০১৪-১৫ অর্থবছরে ছিল যথাক্রমে জিডিপি'র ২২.১৬ শতাংশ ও ২৯.০২ শতাংশ। অর্থাৎ চলতি অর্থবছরে জিডিপি'র শতকরা হারে দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয় উভয়ই গত অর্থবছরের তুলনায় বৃদ্ধি পেয়েছে।

সারণি ২.৬ঃ চলতি বাজারমূল্যে ব্যয়ভিত্তিক জিডিপি

(কোটি টাকায়)

খাত	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬*
১. অভ্যন্তরীণ চাহিদা [(২)+(৩)]	৭৪৬৪৮৫	৮৪০৮৯৮	৯৭৮০৯৫	১১২৯৪৭৫	১২৭৫০৯৭	১৪৩০৮৫১	১৬১৭৭৮৯	১৮২৪৪৭৯
২. ভোগ	৫৬১৭১৪	৬৩১৫৭১	৭২৬৯৬৬	৮৩১২৫০	৯৩৪৭২৭	১০৪৬৮৫৮	১১৭৯৯২৪	১৩১৬৩৪০
সরকারি	৩৫৯১৫	৪০৪৭৮	৪৬৬৮৪	৫৩১৭৫	৬১৩৩৯	৭১৭১৯	৮১৯১৮	১০১৯৪৬
বেসরকারি	৫২৫৭৯৯	৫৯১০৯৩	৬৮০২৮২	৭৭৮০৭৫	৮৭৩৩৮৯	৯৭৫১৩৯	১০৯৮০০৬	১২১৪৩৯৫
৩. বিনিয়োগ	১৮৪৭৭২	২০৯৩২৭	২৫১১২৯	২৯৮২২৫	৩৪০৩৭০	৩৮৩৯৯৪	৪৩৭৮৬৫	৫০৮১৩৮
সরকারি	৩০৪৩৭	৩৭২৭৬	৪৮১৫০	৬০৮০২	৭৯৬২১	৮৭৯৯১	১০৩৩৯৩	১৩১৩৮৩
বেসরকারি	১৫৪৩৩৪	১৭২০৫১	২০২৯৭৯	২৩৭৪২৩	২৬০৭৪৯	২৯৬০০৩	৩৩৪৪৭২	৩৭৬৭৫৫
৪. নীট রপ্তানি	-৪৩৮০৩	-৪৫৮৯৫	-৬৯৩৯০	-৮২১৭৭	-৮৬৫৭০	-৮৭৮০৬	-১১২৩৬১	-৮৫৭৪০
৫. স্থুল দেশজ ব্যয়	৭০২৬৮২	৭৯৫০০৩	৯০৮৭০৫	১০৪৭২৯৯	১১৮৮৫২৭	১৩৪৩০৪৫	১৫০৫৪২৮	১৭৩৮৭৩৯
৬. মোট দেশজ উৎপাদ	৭০৫০৭২	৭৯৭৫৩৯	৯১৫৮২৯	১০৫৫২০৪	১১৯৮৯২৩	১৩৪৩৬৭৪	১৫১৫৮০২	১৭২৯৫৬৬
৭. পরিসংখ্যানিক ভ্রান্তি	২৯৩১	৩০৮৩	৮০১৭	৭৯০৫	১০৩৯৬	৬২৯	১০৩৭৫	-৯১৭২

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক

বিনিয়োগের ক্ষেত্রে দেখা যায় যে, জিডিপি'র শতকরা হারে মোট বিনিয়োগ চলতি অর্থবছরে বৃদ্ধি পেয়েছে। তবে বেসরকারি বিনিয়োগ জিডিপি'র শতকরা হারে গত অর্থবছরের তুলনায় চলতি অর্থবছরে হ্রাস পেলেও সরকারি বিনিয়োগ বৃদ্ধি পেয়েছে। ২০১৫-১৬ অর্থবছরে বিনিয়োগ দাঁড়িয়েছে জিডিপি'র ২৯.৩৮ শতাংশে, গত অর্থবছরে যা ছিল জিডিপি'র ২৮.৮৯ শতাংশ। এর মধ্যে বেসরকারি বিনিয়োগ জিডিপি'র ২২.০৭ শতাংশ থেকে হ্রাস পেয়ে ২১.৭৮ শতাংশে এবং সরকারি বিনিয়োগ জিডিপি'র ৬.৮২ শতাংশ থেকে বৃদ্ধি পেয়ে ৭.৬০ শতাংশে দাঁড়িয়েছে। চলতি অর্থবছরে জিডিপি'র শতকরা হারে বেসরকারি বিনিয়োগ হ্রাস পেলেও বিনিয়োগের পরিমাণ (volume of investment) গত অর্থবছরের তুলনায় ১২.৬৪ শতাংশ বৃদ্ধি পেয়েছে।

সারণি ২.৭ঃ ভোগ, সঞ্চয় ও বিনিয়োগ (জিডিপি'র শতকরা হারে)

খাত	২০০৮-০৯	২০০৯-১০	২০১০-১১	২০১১-১২	২০১২-১৩	২০১৩-১৪	২০১৪-১৫	২০১৫-১৬*
১. ভোগ	৭৯.৬১	৭৯.১৪	৭৯.৩০	৭৮.৭৮	৭৭.৯৬	৭৭.৯১	৭৭.৮৪	৭৬.১১
সরকারি	৫.০৯	৫.০৭	৫.০৯	৫.০৪	৫.১২	৫.৩৪	৫.৪০	৫.৮৯
বেসরকারি	৭৪.৫২	৭৪.০৬	৭৪.২১	৭৩.৭৪	৭২.৮৫	৭২.৫৭	৭২.৪৪	৭০.২১
২. বিনিয়োগ	২৬.১৯	২৬.২৩	২৭.৩৯	২৮.২৬	২৮.৩৯	২৮.৫৮	২৮.৮৯	২৯.৩৮
সরকারি	৪.৩১	৪.৬৭	৫.২৫	৫.৭৬	৬.৬৪	৬.৫৫	৬.৮২	৭.৬০
বেসরকারি	২১.৮৭	২১.৫৬	২২.১৪	২২.৫০	২১.৭৫	২২.০৩	২২.০৭	২১.৭৮
৩. দেশজ সঞ্চয়	২০.৩৯	২০.৮৬	২০.৭০	২১.২২	২২.০৪	২২.০৯	২২.১৬	২৩.৮৯
৮. জাতীয় সঞ্চয়	২৮.৬৬	২৯.৪৯	২৮.৯৫	২৯.৮৬	৩০.৫৩	২৯.২৩	২৯.০২	৩০.০৮

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো * সাময়িক ।

লেখচিত্র ২.৩: জিডিপির শতকরা হারে বিনিয়োগ, দেশজ সঞ্চয় ও জাতীয় সঞ্চয়



সরকার বাংলাদেশে দেশি-বিদেশি বিনিয়োগ প্রসারের লক্ষ্যে বিনিয়োগ-বান্ধব নীতিমালা প্রণয়ন, আইন ও বিধিগত সংস্কার তথা সার্বিক বিনিয়োগ পরিবেশ উন্নয়নে কাজ করে যাচ্ছে। বিশেষ করে বেসরকারি বিনিয়োগ-সহায়ক পরিবেশ আরো জোরদারের লক্ষ্যে বিনিয়োগ বোর্ড ও প্রাইভেটাইজেশন কমিশন একীভূতকরণের কার্যক্রম গ্রহণ করেছে। বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষের মাধ্যমে আগামী ১৫ বছরে সারাদেশে মোট ১০০ টি বিশেষ অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার উদ্যোগ নেয়া হয়েছে। ইতোমধ্যে (এপ্রিল ২০১৬ পর্যন্ত) ৫৬ টি (সরকারি ৪২ টি এবং বেসরকারি ১৪ টি) অর্থনৈতিক অঞ্চল প্রতিষ্ঠার অনুমোদন দেয়া হয়েছে। এছাড়া, বিনিয়োগ বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামোগত উন্নয়ন, দ্রুত বিদ্যুতায়নের প্রচেষ্টা বাস্তবায়ন, জ্বালানির বহুমুখীকরণ, যোগাযোগ ব্যবস্থার উন্নয়ন এবং সর্বোপরি তথ্য ও যোগাযোগ প্রযুক্তির ব্যবহার সহ বার্ষিক উন্নয়ন কর্মসূচি ও পিপিপির আওতায় অবকাঠামো খাতে সরকার যে ব্যাপক পরিকল্পনা নিয়েছে তা বাস্তবায়নের ফলে বিনিয়োগ বৃদ্ধি পাবে এবং উচ্চ প্রবৃদ্ধি অর্জন সম্ভব হবে বলে আশা করা যায়।